[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

‘করোনা’ ভাইরাস রোধে কঠোর নিরাপত্তা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা জয়নগর চেকপোস্ট বাংলাদেশ ও ভারতের ব্যাস্ততম স্থলবন্দর। আর এই চেকপোস্ট দিয়ে প্রতিদিন যাতায়াত করে এক থেকে দের হাজার মানুষ। দর্শনার জয়নগর চেকপোস্ট দিয়ে যাতায়াত সহজ হওয়ার কারনে অনেকটা ভীড় দেখা যায় এই চেকপোস্টে।

কিন্তু গত কয়েক দিন আগে চীনে দেখা দেয় সদৃশ্য নতুন প্রাণ ঘাতি ‘করোনা’ ভাইরাস যা ছড়িয়ে পরছে বিভিন্ন দেশে, এজন্য সকল দেশেই নেওয়া হয়েছে কঠোর নিরাপত্তা।

এই ‘করোনা’ ভাইরাস যাতে অন্য দেশে ছড়িয়ে যেতে না পারে এজন্য সকল বিমানবন্দর ও যে সকল পয়েন্ট দিয়ে যাত্রী আসা যাওয়া করে সেখানে রাখা হয়েছে বিশেষ মেডিকেল টিম। অভিজ্ঞ মেডিকেল টিম দিয়ে সকল যাত্রীদের পরিক্ষা নীরিক্ষা করে যেতে দেওয়া হচ্ছে আগমন ও প্রস্হানকারী যাত্রীদের।

এজন্য দর্শনার ব্যাস্ততম স্থলবন্দর জয়নগরেও রাখা হয়েছে কঠোর নিরাপত্তা। জয়নগর স্থলবন্দরে আগমন/ প্রস্তানকারী যাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য ৪ জন কর্মকর্তা/ কর্মচারীগনের সমন্বয়ে একটি মেডিকেল টিম গঠন করা হয়েছে।

মেডিকেল টিমে টিম লিডার আছেন ডা: মো: শাকিল আরসালান মেডিকেল অফিসার চুয়াডাঙ্গা সদর হাসপাতাল।

মেডিকেল টিমে সদস্য হিসাবে আছেন ডা: তানভীর, চুয়াডাঙ্গার দামুড়হুদার মেমনগর উপস্বাস্থ্য কেন্দ্রের মেডিকেল অফিসার ডা: মো: আসিফ মুজতবা, মেমনগর উপস্বাস্থ্য কেন্দ্রের উপ সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ডা: মো: ওয়াশিম আলী, দামুড়হুদা উপস্বাস্থ্য কমপ্লেক্সের সহকারী পরিদর্শক ডা: মো: শাহজামাল।

মেপ্র/ আরপি

দর্শনার কেরু উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় ও দোয়া অনুষ্ঠান

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ের ২০২০ এর এসএসসি পরীক্ষার্থীদের বিদায় ও দোয়া অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

সোমবার সকাল ৯ টার সময় কেরু উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠানটির আয়োজন করা হয়।

অনুষ্ঠানটি কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কেরু এন্ড কোম্পানি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জাহেদ আনসারি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক দিলিপ কুমার, কেরু এন্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলী, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান।

আরও উপস্থিত ছিলেন, কেরু স্কুলের সকল শিক্ষক-শিক্ষিকা ও সকল ছাত্র-ছাত্রী বৃন্দ।

মেপ্র/ আরপি

দামুড়হুদার বড় বলদিয়া স্কুল এ্যান্ড কলেজে বিদায় ও নবীন বরণ অনুষ্ঠান

দামুড়হুদা উপজেলার বড় বলদিয়া স্কুল এ্যান্ড কলেজে বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা পৈারসভার চেয়ারম্যান মতিয়ার রহমানের সভাপতিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান জনাব আলি মুনসুর বাবু।

বিশেষ অথিতি ছিলেন গুলাম রহমান অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হাবিবউল্লাহ আওয়ামী লীগ নেতা বরকত আলী, সিরাজুল ইসলাম, ইউসুফ আলী, লিয়াকত আলী, তক্কেল আলী, জিয়া উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মজিবার রহমান।

মেপ্র/ আরপি

গাংনীতে মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চিত ও কুটক্তি করার অভিযোগ পল্লী বিদ্যুৎ কর্মকর্তার বিরুদ্ধে

মেহেরপুরের গাংনীতে বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চিত ও কুটক্তি করার অভিযোগ উঠেছে মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দী পল্লী বিদ্যুৎ সমিতি সাবেক সহকারী জেনারেল ম্যানেজার মোতাচ্ছিম বিল্লাহর বিরুদ্ধে।

গত ১৩ জানুয়ারী দুপুরে গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের মরহুম বীর মুক্তিযোদ্ধা আব্দুল গনীর স্ত্রী মোমেনা খাতুনকে তার বাড়িতে গিয়ে লাঞ্চিত ও তার ছেলে জাহাঙ্গীর আলম লিটনের নামে মিথ্যা মামলা দায়ের করেছে বলে অভিযোগ করেন তিনি।

এ ঘটনায় মোতাচ্ছিম বিল্লাহর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করেছেন বীর মুক্তিযোদ্ধার স্ত্রী মোমেনা খাতুন।

বীর মুক্তিযোদ্ধা আব্দুল গনীর স্ত্রী মমেনা খাতুন অভিযোগ করে বলেন, আমার জরাজীর্ন ঘর ভেঙ্গে নতুন ঘর নির্মাণ কাজ শুরু হয়।

বিল্লাহকে মুজিবনগরে বদলী করা হয়েছে।

বর্তমান কমান্ডারের দায়িত্বে থাকা গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, লিখিত কোন অভিযোগ এখন পর্যন্ত আমার হাতে আসেনি। লিখিত অভিযোগ পেলে অবশ্যই বীর মুক্তিযোদ্ধার স্ত্রীকে লাঞ্চনা ও কুটক্তির বিষয় তদন্ত করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মেপ্র/ আরপি

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় অনুষ্ঠান, নবীন বরণ ও বার্ষিক বনভোজন

শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় অনুষ্ঠান, নবীন বরণ ও বার্ষিক বনভোজন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার সদর উপজেলার শোমারী গ্রামে বিদ্যালয় প্রাঙ্গনে দিন ব্যাপী এ সকল অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শোলমারী গ্রামের প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক রেজাউল করিম। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান। বক্তব্য দেন জেলা পরিষদ সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি আরিফুল ইসলাম, ম্যানেজিং কমিটির সদস্য আবু হানিফ পল্টু, মশিউর রহমান, ইউপি সদস্য আকতারুজ্জামান, সহকারী শিক্ষক আব্দুল আলিম, সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তাক আহমেদ, ফারুক হোসেন, মর্তুজা ফারুক, মমতাজ পারভিন, শরিফুদ্দিন, আফরোজা সুলতানা, জিয়াউর রহমান, রিপন আলী, ওয়ার্ড আওয়অমীলীগের সভাপতি, সাধারণ সম্পাদক, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মন্টু, আনোয়ার হোসেন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুল

জাব্বার।

জীবননগর সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বিদায় ও বরণ

জীবননগরে এসএসসি পরীক্ষার্থীদের বিদায় ও নবীণ শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের আয়োজনে ২০২০ সালের এস এস সি পরীক্ষার্থীদের বিদায় ও নতুন শিক্ষার্থীদের বরণ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম,প্রধান শিক্ষক যাদব কুমার প্রমাণিক,পৌর কাউন্সিলার আবুল কাশেম প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন শিক্ষক আ.খ.ম সালাউদ্দিন কবির ।

ঝিনাইদহ জেলা ফুটবল

এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত

ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে ঝিনাইদহে জেলা ফুটবল এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় আহসানুজ্জামান ঝন্টু সভাপতি নির্বাচিত হয়েছেন।

সোমবার দুপুরে ৪র্থ বার্ষিকী এ নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার আমিনুর ইসলাম এ তথ্য জানান।

এছাড়াও কমিটিতে সহ-সভাপতি পদে আশরাফুল আলম, এ্যাড. বিকাশ কুমার ঘোষ, কোষাধ্যক্ষ পদে নাজমুল আলম বাকী, সদস্য পদে হাসানুজ্জামান খোকো, শেখ শফি কুদ্দুস, এ কে এম রেজাউল হাকিম পিকুল, নুরুদ্দিন পিকু, তোহিদুল ইসলাম সংগ্রাম, আনিচুর রহমান, রাশিদুর রহমান রাসেল, মীর সুলতানুজ্জামান লিটন, ওয়াহিদুজ্জামান ইকু নির্বাচিত হয়েছেন।

এর আগে ২০ জানুয়ারি চুড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত, ২২ জানুয়ারি মনোনয়নপত্র সংগ্রহ, ২৩ জানুয়ারি মনোনয়নপত্র জমা, ২৪ জানুয়ারি মনোনয়ন পত্র প্রত্যাহার, ২৫ জানুয়ারি মনোনয়নপত্র যাচাই বাছায় ও প্রার্থী চুড়ান্ত করা হয়। নব-নির্বাচিত এই ১৩ জন নেতৃবৃন্দ সাধারণ সম্পাদক পদে লোক নিয়োগ দিবেন।

নব-নির্বাচিত এই কমিটি জেলার ফুটবল অঙ্গনকে সারাদেশে পরিচিত করে তোলাসহ সার্বিক উন্নয়ন করবে এমনটি আশা করছেন জেলার ক্রীড়াবিদরা। নব-গঠিত এই কমিটিকে স্বাগত জানিয়েছেন নানা শ্রেণী পেশার মানুষ। নির্বাচনে সহকারী নির্বাচন কমিশনারের দ্বায়িত্ব পালন করেন এম মোস্তাফিজুর রহমান বরসাত ও বাচ্চু মিয়া।

মেপ্র/ইএম